(যেকোনো সংক্রমণের জন্য) নির্দিষ্ট অ্যান্টিবায়োটিক দিয়ে চিকিৎসা করা অসুখ থাকার সময়ের দৈর্ঘ্যকেও প্রভাবিত করতে পারে। কার্যকর স্বাস্থ্যবিধি অনুশীলন এবং চিকিৎসা গ্রহণকারী সকল ব্যক্তির জন্য স্ট্যান্ডার্ড সতর্কতা অবলম্বন করলে কার্বাপেনেমেজ-উৎপাদনকারী এন্টারোব্যাকটেরেলের সংক্রমণ কমিয়ে আনবে।

আরো তথ্য কোথায় পাবেন

আপনার যদি আরো তথ্যের প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে আপনার কেয়ার স্টাফের একজন সদস্যের সাথে কথা বলুন, যিনি আপনার হয়েও ইনফেকশন প্রিভেনশন অ্যান্ড কন্ট্রোল টিম-এর সাথে যোগাযোগ করতে পারেন। UKHSA ওয়েবসাইট তথ্যের আরেকটি উৎস।

ইউকে হেলথ সিকিউরিটি অ্যাজেন্সি (UKHSA)

কার্বাপেনেমেজ উৎপাদনকারী এন্টারোব্যাকটেরেল ধারণ করার ক্রিয়াকলাপগুলোর কাঠামো (সেপ্টেম্বর 2022)

https://www.gov.uk/government/publications/actions-to-contain-carbapenemase-producing-enterobacterales-cpe

(ওয়েবসাইটগুলো 25 সেপ্টেম্বর 2024 তারিখে অ্যাক্সেস করা হয়েছে)

এই লিফলেটটিতে ওপেন গভর্নমেন্ট লাইসেন্স v3.0 এর অধীনে লাইসেন্সপ্রাপ্ত পাবলিক সেক্টরের তথ্য রয়েছে। উপলব্ধ রয়েছে: https://www.nationalarchives.gov.uk/doc/open-government-licence/version/3/

যদি আপনি এই লিফলেটের কোনো সংশোধনী বা উন্নতি সুপারিশ করতে চান, অনুগ্রহ করে SWB Library Services এর সাথে যোগাযোগ করুন এক্সটেনশন 3587 অথবা ইমেইল করুন swbh.library@nhs.net.

Health & care information you can trust

The Information Standard Certified Member

The University of Birmingham-এর একটি টিচিং ট্রাস্ট

The Midland Metropolitan University Hospital, City Health Campus, Sandwell Health Campus এবং Rowley Regis Hospital কে অন্তর্ভুক্ত করছে।

© Sandwell and West Birmingham NHS Trust

M7759

প্রকাশের তারিখ: সেপ্টেম্বর 2024

পর্যালোচনার তারিখ: সেপ্টেম্বর 2027

NHS
Sandwell and West Birmingham
NHS Trust

কার্বাপেনেমেজ-এন্টারোব্যাকটেরেল উৎপাদনকারী

রোগীদের জন্য তথ্য এবং পরামর্শ

সংক্রমণ নিয়ন্ত্রণ

PATIENTS PEOPLE POPULATION

কার্বাপেনেমেজ- এন্টারোব্যাকটেরেল উৎপাদনকারী কী?

CPE (অথবা CRO) হল এক ধরণের ব্যাকটেরিয়া যা কার্বাপেনেমস, শক্তিশালী অ্যান্টিবায়োটিকের একটি গ্রুপের বিরুদ্ধে প্রতিরোধী হয়ে উঠেছে। এর অর্থ হল ব্যাকটেরিয়াগুলো এমন সংক্রমণ ঘটাতে পারে যা কার্বাপেনেম অ্যান্টিবায়োটিক এবং অন্যান্য অনেক অ্যান্টিবায়োটিকের বিরুদ্ধে প্রতিরোধী।

কার্বাপেনেম প্রতিরোধ কেন গুরুত্বপূর্ণ?

অন্যান্য অ্যান্টিবায়োটিকগুলো যখন ব্যর্থ হয়, তখন কিছু জটিল সংক্রমণের সফল চিকিৎসার জন্য ডাক্তাররা কার্বাপেনেম অ্যান্টিবায়োটিকের উপর নির্ভর করেন। এই প্রতিরোধী ব্যাকটেরিয়ার বিস্তার হাসপাতাল অথবা অন্যান্য স্থানে দুর্বল রোগীদের জন্য সমস্যা সৃষ্টি করতে পারে, কারণ এগুলো দ্বারা সৃষ্ট সংক্রমণের চিকিৎসার জন্য খুব কম অ্যান্টিবায়োটিক পাওয়া যায়।

CPE পজিটিভ রোগী - কিভাবে আপনার এই সংক্রমণ হতে পারে এবং এর উপসর্গগুলো কী?

এই ব্যাকটেরিয়া মানুষের অন্ত্রে পাওয়া যেতে পারে, অক্ষতিকরভাবে বাস করে এবং তাই আপনি কখন অথবা কোথা থেকে এটিতে আক্রান্ত হয়েছেন তা বলা কঠিন। তবে, যদি আপনি বিদেশে অথবা যুক্তরাজ্যের এমন কোনো হাসপাতালে ভর্তি থেকে থাকেন যেখানে এই ব্যাকটেরিয়া বহনকারী রোগীরা চিকিৎসা করেছেন, অথবা অন্য কোথাও কোনো বাহকের সংস্পর্শে এসেছেন, তাহলে এই ব্যাকটেরিয়ায় আক্রান্ত হওয়ার সম্ভাবনা বেড়ে যায়।

যখন আপনি হাসপাতালে যান

আপনাকে এই চিঠি এবং অথবা CPE কার্ডটি অবিলম্বে স্টাফদের কাছে উপস্থাপন করতে হবে যাতে তারা আপনার যথাযথ যত্ন নিতে পারেন।

হাসপাতালে থাকাকালীন কিভাবে আপনার যত্ন নেওয়া হবে?

হাসপাতালে থাকাকালীন আপনাকে টয়লেট সুবিধা সহ একটি সিঙ্গেল রুমে অথবা একটি নির্দিষ্ট ওয়ার্ডে থাকতে হতে পারে। আপনার থাকার সময়ের উপর নির্ভর করে, আপনি ব্যাকটেরিয়া দ্বারা সংক্রামিত কিনা অথবা বহন করছেন কিনা তা পরীক্ষা করার জন্য আপনাকে বেশ কয়েকটি নমুনা দিতে বলা হতে পারে। নমুনাগুলোতে সুনির্দিষ্ট কিছু জায়গা থেকে কয়েকটি সোয়াব নেওয়া অন্তর্ভুক্ত থাকতে পারে, যেমন আপনার ড্রিপের টিউব (যদি থাকে) ত্বকের যেখানে প্রবেশ করে সেখান থেকে, একটি রেক্টাল সোয়াব (আপনার পায়ু পথে সোয়াবটি অল্প একটু ঢুকিয়ে নেওয়া একটি নমুনা), এবং / অথবা মলের নমুনা।

কিভাবে CPE-এর বিস্তার রোধ করা যায়

একটি সিঙ্গেল রুমে অথবা সুনির্দিষ্ট স্থানে অবস্থান করা ব্যাকটেরিয়ার বিস্তার রোধ করতে সাহায্য করে। আপনার যত্ন নেওয়ার সময় হেলথকেয়ার স্টাফরা গ্লাভস ও অ্যাপ্রোন ব্যবহার করবেন এবং নিয়মিতভাবে তাদের হাত ধুতে হবে। আপনার জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ পদক্ষেপ হল হাত সাবান ও পানি দিয়ে ভালো করে ধোয়া, বিশেষ করে টয়লেটে যাওয়ার পরে। আপনার মূত্রনালির ক্যাথেটার টিউব এবং শিরায় দেওয়া ড্রিপের মতো মেডিক্যাল ডিভাইসগুলো (যদি থাকে) স্পর্শ করা এড়িয়ে চলতে হবে, বিশেষ করে যেখানে এটি আপনার শরীরে অথবা ত্বকে প্রবেশ করানো হয়। রুমে ঢোকা ও বের হওয়ার সময় ভিজিটদের হাত ধুতে বলা হবে এবং তাদেরকে একটি অ্যাপ্রোন পরতে বলা হতে পারে।

আপনি বাড়িতে গেলে কী হবে?

আপনি যখন বাড়িতে যাবেন তখনও আপনি CPE-এর বাহক হয়ে থাকতে পারেন এবং প্রায়শই এটি সময় পার হওয়ার সাথে সাথে চলে যায়। বাড়িতে কোনো বিশেষ পদক্ষেপ নেওয়ার অথবা চিকিৎসা করানোর প্রয়োজন নেই। আপনার স্বাভাবিকভাবে কাজকর্ম চালিয়ে যেতে হবে, হাতের পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখতে হবে। আপনার কোনো উদ্বেগ থাকলে পরামর্শের জন্য আপনি আপনার জিপি'র সাথে যোগাযোগ করতে চাইতে পারেন। আপনাকে অথবা আপনার পরিবারের কোনো সদস্যকে হাসপাতালে ভর্তি করা হলে, আপনার হাসপাতালের স্টাফদের জানাতে হবে যে আপনি CPE এর বাহক অথবা বাহক ছিলেন এবং তাদেরকে চিঠি/কার্ডটি দেখাবেন।

একজন ব্যক্তি কত দিন পর্যন্ত ব্যাকটেরিয়া বহন করতে পারেন?

একজন ব্যক্তি কত দিন পর্যন্ত ব্যাকটেরিয়া বহন করতে পারেন তার কোনো সুনির্দিষ্ট উত্তর নেই। সময়ের দৈর্ঘ্য কয়েক দিন থেকে অনির্দিষ্টকালের মতো যেকোনো কিছু হতে পারে।